



## পাংশা সরকারি কলেজের ভিশন ও মিশন

পাংশা সরকারি কলেজের উদ্দেশ্য ও লক্ষ্য হচ্ছে পাঠ্যক্রম ও সহপাঠ্যক্রম কর্মসূচির মাধ্যমে একটি আলোকিত, শিক্ষিত ও দক্ষ জাতি গঠনের জন্য মানসম্মত উচ্চশিক্ষা প্রদান করা। আধুনিক জ্ঞান, নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতায় শিক্ষার্থীদের গড়ে তোলা, যাতে তারা জাতীয় উন্নয়ন ও বৈশ্বিক প্রতিযোগিতায় অবদান রাখতে পারে।

- ১. মানসম্মত শিক্ষা প্রদান:** জাতীয় পাঠ্যক্রম ও মানদণ্ড অনুযায়ী উচ্চমাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে গুণগত উচ্চশিক্ষা নিশ্চিত করা।
- ২. চরিত্র গঠন ও মূল্যবোধ উন্নয়ন:** শিক্ষার্থীদের মধ্যে দেশপ্রেম, মানবতা, সততা ও নেতৃত্বের গুণাবলি তৈরি করা।
- ৩. তথ্যপ্রযুক্তি জ্ঞান বিস্তার:** আধুনিক প্রযুক্তি ও ডিজিটাল জ্ঞান অর্জনের সুযোগ প্রদান করে কর্মজীবনের জন্য প্রস্তুত করা।
- ৪. সামাজিক ও সাংস্কৃতিক বিকাশ:** শিক্ষার্থীদের মধ্যে সাংস্কৃতিক সচেতনতা, সহনশীলতা ও সামাজিক দায়িত্ববোধ গড়ে তোলা।
- ৫. সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ:** বিতর্ক, ক্রীড়া, স্কাউট, রোভার, ও সংস্কৃতি চর্চার মাধ্যমে শিক্ষার্থীদের সক্রিয় ও সৃজনশীল করে তোলা।
- ৬. পেশাগত দক্ষতা বৃদ্ধি:** কর্মমুখী ও দক্ষতা-ভিত্তিক শিক্ষার সুযোগ সৃষ্টি করা।
- ৭. নারী শিক্ষার প্রসার:** নারী শিক্ষার্থীদের উচ্চশিক্ষা নিশ্চিত করে জেন্ডার সমতা স্থাপন।
- ৮. পরিবেশ সচেতনতা:** টেকসই উন্নয়ন ও পরিবেশ রক্ষায় সচেতন নাগরিক হিসেবে শিক্ষার্থীদের প্রস্তুত করা।
- ৯. গবেষণামূলক কর্মকাণ্ড:** অনার্স ও মাস্টার্স শ্রেণির শিক্ষার্থীদের গবেষণামূলক কর্মকাণ্ডে উদ্বুদ্ধ করা।
- ১০. সুবিধাবঞ্চিত পারিবারের সন্তানদের শিক্ষার সুযোগ:** সমাজের অবহেলিত ও সুবিধাবঞ্চিত পরিবারের সন্তানদের স্বল্প খরচে মানসম্মত শিক্ষাপ্রদান।
- ১১. নৈতিক শিক্ষা :** শিক্ষার্থীদের মধ্যে প্রয়োজনীয় অনুশীলন ও প্রশিক্ষণের মাধ্যমে শৃঙ্খলাবোধ, শ্রমের মর্যাদা, নৈতিক, মানবিক, সামাজিক, আচরণিক ও ধর্মীয় মূল্যবোধ জাগ্রত করা।
- ১২. ছাত্র-ছাত্রীদের পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ:** উচ্চমাধ্যমিক শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিতকরণ ও তাদের লেখা পড়ার মানোন্নয়নে পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে, যারা নিবিড়ভাবে শিক্ষার্থীদের মনিটরিং করছে। সাত সদস্য বিশিষ্ট ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে, পরীক্ষায় খারাপ ফলাফল, অনুপস্থিতির জন্য তার অভিভাবককে ডেকে মুচলেকা গ্রহন এবং ভালো ফলাফলের অঙ্গীকার গ্রহন।
- ১৩. অনার্স ও মাস্টার্স শ্রেণির শিক্ষার মানোন্নয়নে পদক্ষেপ:** অনার্সের শিক্ষার্থীদের উপস্থিতি বাড়ানোর জন্য কোর্সভিত্তিক ক্লাস টেস্ট গ্রহণ, বিভিন্ন মোটিভেশন কার্যক্রম গ্রহণ ও বিভাগভিত্তিক সেমিনারের আয়োজন।
- ১৪. জাতীয় দিবস পালন:** বিজয় দিবস, ভাষা দিবস, স্বাধীনতা দিবস, জুলাই শহিদ দিবস প্রভৃতি জাতীয় দিবস পালনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে দেশপ্রেম জাগ্রত করা।